দৈনিক
ইত্তেফাক

তারিখ 15 MAR 2018
পৃষ্ঠা ৫ কলাম ২

৩০ শিক্ষার্থীকে জুতাপেটা

# না'গঞ্জে মাদ্রাসা সভাপতির অপসারণ চেয়ে বিক্ষোভ

■ নারায়ণগঞ্জ প্রতিনিধি

নারায়ণগঞ্জ বন্দরে মুছাপুর দারুসুন্নাহ দাখিল মাদ্রাসার ১০ম শ্রেণির ৩০ শিক্ষার্থীকে মাদ্রাসার সভাপতি জুতাপেটা করায় মাদ্রাসার শিক্ষার্থীরা ক্লাস বর্জন করে বিক্ষোভ করেছে। গতকাল বুধবার সকাল থেকে দুপুর পর্যন্ত শিক্ষার্থীরা মাদ্রাসার সভাপতি ও আরবী শিক্ষক আব্দুস সালাম মাস্টারের অপসারণ দাবিসহ তাদের দৃষ্টান্তমূলক শাস্তি দাবি করেছে। গত মঙ্গলবার বিকালে ম্যানেজিং কমিটির সভায় মাদ্রাসার ১০ম শ্রেণির ৩০ শিক্ষার্থীকে জুতাপেটা করেন ম্যানেজিং কমিটির সভাপতি শাহাদৎ হোসেন। এ ঘটনার পর থেকে সভাপতি আর মাদ্রাসায় আসেননি।

শিক্ষার্থীরা জানান, গত বৃহস্পতিবার ১০ম শ্রেণির ছাত্র সাজ্জাদ পাঞ্জাবির সাথে প্যান্ট পরে মাদ্রাসায় আসায় আরবী শিক্ষক আব্দুস সালাম ছাত্র সাজ্জাদকে মারধর করেন। এ ঘটনায় ছাত্ররা প্রতিবাদ করলে ম্যানেজিং কমিটির সভা চলাকালে বিনা এজেন্ডায় সালাম মাস্টার বিষয়টি উত্থাপন করায় মাদ্রাসার সভাপতি ১০ম শ্রেণির ৩০ ছাত্রকে উপস্থিত ম্যানেজিং কমিটির সামনে প্রকাশ্যে মাঠে দাঁড় করিয়ে জুতাপেটা করেন। এ ঘটনায় ছাত্ররা ক্ষিপ্ত হয়ে গতকাল বিক্ষোভ করে। বিক্ষোভ শেষে ছাত্ররা থানায় গিয়ে অভিযোগ করে।

এ ব্যাপারে মাদ্রাসার প্রিন্সিপাল মাওলানা মহিউদ্দিন জানান, ছাত্ররা উচ্ছৃঙ্খল আচরণ ও মাদ্রাসার মহিলা শিক্ষককে খারাপ মন্তব্য করায় সভাপতি তাদের জুটাপেটা করেছে। আব্দুস সালাম মাস্টার ঘটনার সত্যতা স্বীকার করেন। এ ব্যাপারে বন্দর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার আ.ক.ম নুরুল আমিন বলেন, শিক্ষার্থীরা অন্যায় করলে তাদের অভিভাবকদের ডেকে এনে তাদের কাছে বিচার দিতে পারতো। শিক্ষার্থীদের জুটাপেটা শাসন নয়, এটা অপরাধ। এ ব্যাপারে ব্যবস্থা নেয়া হবে।

এ ব্যাপারে মুছাপুর ইউপি চেয়ারম্যান মাকসুদ হোসেন জানান, আমরা অভিভাবক ও গণ্যমান্য ব্যক্তিদের নিয়ে এর সুষ্ঠু বিচার করে দেব— এ আশ্বাসে শিক্ষার্থীরা শান্ত হয়েছে। এখন আর কোনো বিচ্ছৃঙ্খলা নেই মাদ্রাসায়। এ ব্যাপারে বন্দর থানার ওসি শাহীন মন্ডল বলেন, ইউপি চেয়ারম্যান বিষয়টি সমাধানের দায়িত্ব নিয়েছেন। সমাধান না হলে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং......
তারিখ......

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এম.পি বিভাগ | |
| সিস্টেম ম্যানেজার | |
| সিনিয়র সিস্টেম এনালিষ্ট | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর